"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম-শহরের উন্নতি"

ভেদরগঞ্জ উপজেলা পরিষদ
শরীয়তপুর।

৫ম উপজেলা পরিষদের ২৯তম সাধারণ সভার কার্যবিবরণী:

সভাপতি	: মোঃ হুমায়ুন কবির চেয়ারম্যান, ভেদরগঞ্জ উপজেলা পরিষদ, শরীয়তপুর।
সভার তারিখ	: ৩০ নভেম্বর ২০২১
সময়	: বেলা ১২.০০ টা
সভার স্থান	: শহিদ আক্কাচ-শহিদ মহিউদ্দিন সম্মেলন কক্ষ, ভেদরগঞ্জ, শরীয়তপুর।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হল :-

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার, ভেদরগঞ্জ, শরীয়তপুর সভা পরিচালনা করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধন না থাকায় কার্যবিবরণী গৃহীত ও অনুমোদিত হয়। সভায় বিভাগ ও বিষয় ভিত্তিক আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

০১। **উপজেলা স্বাস্থ্য বিভাগ :** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

০২। **পরিবার পরিকল্পনা বিভাগ :** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (ভাঃ) সভায় জানান যে, ইউনিয়ন পরিবার কল্যাণ কেন্দ্রগুলো চেয়ারম্যান ও বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণ তদরকী করলে সেবার মান বৃদ্ধি পাবে। চরকুমারিয়া ইউনিয়ন পরিবার কল্যাণ কেন্দ্রের কিছু গাছ কর্তন করা সম্ভব না হওয়ায় বাউন্ডারী নির্মাণ কাজ বন্ধ রয়েছে। ২০২০ সালে ফরেস্টারকে পত্র দিয়েও এ পর্যন্ত গাছ কর্তনের কোন কার্যকরী উদ্যোগ পাওয়া যায়নি।

০৩। **কৃষি বিভাগ:** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কৃষি প্রণোধনার বরাদ্দ পাওয়া গেলে সকলের সহায়তায় বিতরণ করা হবে।

০৪। **প্রাণি সম্পদ বিভাগ :** উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। প্রাণি সম্পদ বিভাগের মাঠ কর্মীকে ইউনিয়ন পরিষদের বসার জন্য কক্ষ বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করা হয়।

০৫। **মৎস্য বিভাগ:** উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, সকলের সহযোগিতায় মা ইলিশ রক্ষা অভিযান সফলভাবে সম্পন্ন করতে পারায় সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

০৬। **উপজেলা প্রকৌশল অফিস:** উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বার্ষিক উন্নয়ন তহবিল (এডিপি) ১ম ও ২য় কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। উল্লেখিত বরাদ্দের আলোকে ৩য় ও ৪র্থ কিস্তির সম্ভাব্য বরাদ্দ যোগ করে মোট বরাদ্দের ৭০% বরাদ্দ দ্বারা টেন্ডারের মাধ্যমে বাস্তবায়নের জন্য প্রকল্প গ্রহণ করা হয়েছে। উক্ত প্রকল্প উপজেলা পরিষদের সাধারন সভায় যাচাই-বাচাই শেষে অনুমোদন করা হয়। উক্ত প্রকল্পের কাজ দ্রুত বাস্তবায়নের জন্য টেন্ডার কার্যক্রম গ্রহণ করা হবে। উল্লেখিত প্রকল্প 'পরিশিষ্ট-খ' দেখানো হলো। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

০৭। **প্রাথমিক শিক্ষা বিভাগ :** উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে শিশু শ্রেণীর ক্লাস বন্ধ রয়েছে। ৫ম শ্রেনীর ক্লাস প্রতিদিন চলছে। চতুর্থ শ্রেণির ক্লাস সপ্তাপহে ০২দিন এবং অন্যান্য শ্রেণির ক্লাস সপ্তাহে ০১দিন করে চলমান আছে।

তিনি আরো জানান যে, ৯৭নং উত্তর চরকুমারিয়া ঢালী বাড়ি ঢালীকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয় ও ১১৭নং দক্ষিণ তারাবুনিয়া সরকার বাড়ি সরকারি প্রাথমিক বিদ্যালয় শরীয়তপুর চাঁদপুর ভায়া ইব্রাহীমপুর ফেরিঘাট আঞ্চলিক মহাসড়কে চলে যাবে। বিদ্যালয় দু'টি রক্ষা করা প্রয়োজন বা বিকল্প ব্যবস্থা করা প্রয়োজন।

০৮। **মাধ্যমিক শিক্ষা বিভাগ :** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এসএসসি ও দাখিল পরীক্ষা সুষ্ঠুভাবে শেষ হওয়ায় সকল ধন্যবাদ জানানো হয়।

০৯। **উপজেলা সমাজসেবা বিভাগ :** উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, তার বিভাগের স্বাভাবিক কার্যক্রম চলছে। সমাজসেবা অফিসের আওতায় রোগী কল্যাণ সমিতি মাধ্যমে হসপিটালে ভর্তিকৃত রোগীদের ঔষধ সহায়তা প্রদান করা যায়। বিশেষ করে গরীব রোগীদের ঔষধ সেবা প্রদানের জন্য উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ০১টি রুম বরাদ্দ প্রয়োজন। এই সহায়তা বরাদ্দের অর্থ

উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ও উপজেলা সমাজসেবা কর্মকর্তার যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে। তাছাড়া সরকার ১০ ক্যাটাগরির জনগনের জরীপ কার্যক্রম পরিচালনা করছে।

সিদ্ধান্ত: উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা গরীব রোগীদের ঔষধ সহায়তা প্রদানের লক্ষে সমাজ সেবা অফিসের জন্য ০১টি রুম বরাদ্দের প্রযোজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১০। উপজেলা পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) :উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম করোনা ভাইরাসের কারণে সঠিকভাবে করা যাচ্ছে না। মাননীয় প্রধানমন্ত্রীর ১,৭১,৫০,০০০/- টাকা ক্ষুদ্র ঋণ দেয়ার জন্য বরাদ্দ দিয়েছেন। এ জন্য মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

১১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ :উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরের টিআর, কাবিখা, কাবিটার বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দ বিভাজন করে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান নিকট হইতে প্রকল্প চাওয়া হয়েছে। মুজিব বর্ষ উপলক্ষে গৃহহীনদের ঘর নির্মাণ ও বিতরণ কার্যক্রম চলমান রয়েছে।

১২। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ : সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সভায় জানান যে, ২০২০-২১ অর্থ বছরে দরপত্র আহবানকৃত গভীর নলকূপ স্থাপন কাজ প্রায় শেষ দিকে। তাছাড়া ০৬টি ওয়াস ব্লকের কাজ চলমান আছে। ২০২১-২২ অর্থ বছরে ৩৩৮টি গভীর নলকূপ স্থাপনের বরাদ্দ পাওয়া গেছে। গভীর নলকুপ স্থাপন কার্যক্রম চলমান রয়েছে। আশ্রয়ণ প্রকল্পে নলকূপ ও বিদ্যুৎ লাইন স্থাপন করা হবে।

১৩। উপজেলা যুব উন্নয়ন বিভাগ : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

১৪। উপজেলা সমবায় বিভাগ : উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

১৫। উপজেলা মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তর : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। গাছগুলো ইউনিয়ন পরিষদের সহায়তায় পরিচর্জা করন দরকার।

১৬। বন বিভাগ : উপজেলা ফরেস্টার সভায় জানান যে, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। মুজিববর্ষ উপলক্ষে অত্র উপজেলায় অনেক বৃক্ষরোপন করা হয়েছে।

১৭। পল্লী সঞ্চয় ব্যাংক : ব্যবস্থাপক,পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, তার বিভাগের ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম যথাযথভাবে চলছে।

১৮। পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন :উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের ঋণ বিতরণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । ঋণ আদায়ের পরিমাণ কিছুটা কম।

১৯। পল্লী বিদ্যুৎ সমিতি :এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, সাব জোনাল অফিস, ভেদরগঞ্জ সভায় জানান যে, ২২ হাজার গ্রাহকের দৈনিক ৬.০৬ মেগাওয়াট বিদ্যুৎ চাহিদা রয়েছে। ভেদরগঞ্জ এ পল্লী বিদ্যুৎ বিভাগের সাব জোনাল অফিস চালু করা হয়েছে। বিদ্যুৎ সংক্রান্ত যে কোন সমস্যা হলে অফিসে যোগাযোগ করা হলে সমাধানের চেষ্টা করা হবে।

২০। তথ্য আপা :তথ্যসেবা কর্মকর্তা, মহিলা সংস্থা, ভেদরগঞ্জ সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

বিবিধ আলোচনা:

০১। অগ্নিকান্ড, প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থদের পুন:বাসন ও বেওয়ারিশ লাশ দাফন অনুদান প্রদান সংক্রান্ত:

উপজেলা নির্বাহী অফিসার জানান যে, অগ্নিকান্ড, প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থদের পুন:বাসন ও বেওয়ারিশ লাশ দাফন এর আওতায় প্রাপ্ত আবেদনের বিষয়ে আলোচনা করা হয়। নিম্নে উল্লিখিত আবেদনকারীদের আবেদনগুলো বিস্তারিত আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিল হতে নিম্নরূপ হারে আর্থিক অনুদান অনুমোদন করা হয়।

ক্রমিক নং	আবেদনকারীর নাম ও ঠিকানা	যে কারণে আর্থিক অনুদান চাওয়া হয়েছে	টাকার পরিমাণ
০১	গনি মিয়া, পিতা: মৃত সেবাহন মোল্যা, সখিপুর বেপারী কান্দি, সখিপুর ইউনিয়ন।	আগুনে বাজারের দোকানঘর পুড়ে যাওয়ায় আর্থিক অনুদান	=৫,০০০/-
০২	সুমন বেপারী, পিতা: মৃত সিরাজুল ইসলাম বেপারী, সখিপুর বেপারী কান্দি, সখিপুরইউনিয়ন।	আগুনে বাজারের দোকানঘর পুড়ে যাওয়ায় আর্থিক অনুদান	=৫,০০০/-
০৩.	রেজাউল, পিতা: মোয়াজ্জেম হাওলাদার, সখিপুর সরদার কান্দি,	আগুনে বাজারের দোকানঘর পুড়ে	=৫,০০০/-

	সখিপুর ইউনিয়ন।	যাওয়ায় আর্থিক অনুদান	
০৪.	মোঃ মনির হোসেন, পিতাঃ আঃ রাজ্জাক তাতী, মোল্যা কান্দি, সখিপুর ইউনিয়ন।	আগুনে বাজারের দোকানঘর পুড়ে যাওয়ায় আর্থিক অনুদান	=৫,০০০/-

০২। **প্রকল্প সংক্রান্ত:**

ক। দক্ষিণ তারাবুনিয়া ইউপি চেয়ারম্যান সভায় জানান যে, দক্ষিণ তারাবুনিয়া ইউনিয়নের মাল বাজার ব্রীজের এ্যাপ্রোচ রাস্তা ভেঙ্গে গেছে। যানবাহন চলাচলে অনেক অসুবিধা হয়। তাই জুরুরী ভিত্তিতে এ্যাপোছের ভাংগা অংশ মেরামত করা প্রয়োজন। সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত ব্রীজের ভাংগা অংশ মেরামত করার জন্য উপজেলা উন্নয়ন তহবিল হতে ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা বরাদ্দ প্রদান করা হয়।

খ। চরকুমারীয়া ইউপি চেয়ারম্যান সভায় জানান যে, চরকুমারীয়া ইউনিয়নের ০৮নং ওয়ার্ডে বাহেরচর রোডের ব্রীজের সংযোগ সড়কের অনেকাংশ ভেঙ্গে গেছে। যানবাহন চলাচলে অনেক অসুবিধা হয়। প্রায়ই দুর্ঘটনা হচ্ছে। তাই জুরুরী ভিত্তিতে ব্রীজের সংযোগ সড়কের ভাংগা অংশ মেরামত করা প্রয়োজন। সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত ব্রীজের সংযোগ সড়কের ভাংগা অংশ মেরামত করার জন্য উপজেলা উন্নয়ন তহবিল হতে ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা বরাদ্দ প্রদান করা হয়।

০৬। **বিভিন্ন ব্যয় অনুমোদন:**বিস্তারিত আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিল দ্বারা সম্পাদনের জন্য নিম্নোক্ত ব্যয় অনুমোদন করা হয়।

ক্রমিক নং	বিবরণ	টাকার পরিমাণ
০১.	উপজেলা পরিষদ কার্যালয়ের জন্য প্রিন্টারের টোনার ক্রয়	২,০০০/-
০২.	উপজেলা পরিষদের নভেম্বর/২১ মাসের ইন্টারনেট বিল।	১,০০০/-

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে এবং গৃহীত সিদ্ধান্ত সুষ্ঠুভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

H Kabir
মোঃ হুমায়ুন কবির
চেয়ারম্যান
ভেদরগঞ্জ উপজেলা পরিষদ, শরীয়তপুর।

স্মারক নং-০৫.৩০.৮৬১৪.০০০.০৯.০০১.১৭- ৮০৯

তারিখ: ১৬ ডিসেম্বর ২০২১

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :-

০১. মাননীয় সংসদ সদস্য, শরীয়তপুর-২ ও মাননীয় উপমন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
০২. মাননীয় সংসদ সদস্য, শরীয়তপুর-৩, বাংলাদেশ জাতীয় সংসদ-২২৩, জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
০৩. মাননীয় সংসদ সদস্য, বাংলাদেশ জাতীয় সংসদ, সংরক্ষিত আসন ৩৯।
০৪. পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা।
০৫. জেলা প্রশাসক, শরীয়তপুর।
০৬. চেয়ারম্যান, ভেদরগঞ্জ উপজেলা পরিষদ, শরীয়তপুর।
০৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, ভেদরগঞ্জ উপজেলা পরিষদ, শরীয়তপুর।
০৮. মেয়র, ভেদরগঞ্জ পৌরসভা, শরীয়তপুর।
০৯. উপজেলা ---------------------------------- কর্মকর্তা, ভেদরগঞ্জ, শরীয়তপুর।
১০. চেয়ারম্যান, -- ইউনিয়ন পরিষদ (সকল), ভেদরগঞ্জ, শরীয়তপুর।
১১. জনাব --
১২. অফিস কপি।

১৬/১২/২০২১
তানভীর-আল-নাসীফ
উপজেলা নির্বাহী অফিসার
ভেদরগঞ্জ, শরীয়তপুর।

'পরিশিষ্ট-খ'

বার্ষিক উন্নয়ন তহবিল (এডিপি)বরাদ্দ দ্বারা প্রকল্প বাস্তবায়নের জন্য গৃহীত প্রকল্প সমূহ যাচাই বাছাইয়ান্তে ২০২১-২০২২ অর্থ বছরে বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদের নভেম্বর/২০২১ মাসের সাধারন সভায় নিম্নবর্ণিত প্রকল্পসূহ চূড়ান্ত অনুমোদন করা হয়:-

ক্রম	প্রকল্পের নাম	প্রকল্পের খাত	বাস্তবায়ন	বরাদ্দের পরিমান
০১.	ভেদরগঞ্জ উপজেলার চরকুমারীয়া, আরশীনগর, চরসেন্সাস, উত্তর তারাবুনিয়া ও দক্ষিন তারাবুনিয়া ইউনিয়নের দুস্থ নারীদের মাঝে ২০ টি সেলাই মেশিন বিতরন।	মহিলা বিষয়ক	পিআইসি	২,০০,০০০/-
	ভেদরগঞ্জ উপজেলার ডিএমখালী, সখিপুর, চরভাগা, কাচিকাটা ও রামভদ্রপুর ইউনিয়নের দুস্থ নারীদের মাঝে ২০ টি সেলাই মেশিন বিতরন।	মহিলা বিষয়ক	পিআইসি	২,০০,০০০/-
	ভেদরগঞ্জ উপজেলার নারায়নপুর, ছয়গাঁও, ও মহিষার ইউনিয়নের দুস্থ নারীদের মাঝে ১২ টি সেলাই মেশিন বিতরন।	মহিলা বিষয়ক	পিআইসি	১,২০,০০০/-
০২.	ছয়গাঁও ইউনিয়নের ০৭নং ওয়ার্ডে মনুয়া হরি বাইনের বাড়ি হইতে বাইতুল নুর জামে মসজিদ পর্যন্ত ইটের সলিং রাস্তা নির্মান।	যোগাযোগ	টেন্ডার	৩,০০,০০০/-
	ছয়গাঁও ইউনিয়নের ০১নং ওয়ার্ডে আজিজুলর রহমান উচ্চ বিদ্যালয়য়ের মাঠ হতে পালোয়ান বাড়ীর কবরস্থান পর্যন্ত ইটের সলিং রাস্তা নির্মান।	যোগাযোগ	টেন্ডার	৫০,০০০/-
	সখিপুর ইউনিয়নের ০৯নং ওয়ার্ডে আজগর হাওলাদোরের বাড়ি হইতে শুক্কুর হাওলাদরের মসজিদ পর্যন্ত ইটের সলিং রাস্তা নির্মান।	যোগাযোগ	টেন্ডার	৩,০০,০০০/-
০৩.	চরকুমারীয়া ইউনিয়নের ০৬নং ওয়ার্ডে আনিস বেপারী বাড়ি হইতে বিশ্ব রোড পর্যন্ত এইচবিবি দ্বারা রাস্তা নির্মান।	যোগাযোগ	টেন্ডার	৭,৫০,০০০/-
০৪	আরশীনগর ইউনিয়নের ০১নং ওয়ার্ডে সিরাজ হাওলাদারের বাড়ি হেইতে ছালাউদ্দিন মাষ্টারের বাড়ি পর্যন্ত ইটের রাস্তা নির্মান।	যোগাযোগ	টেন্ডার	৩,০০,০০০/-
	দক্ষিন তারাবুনিয়ান ইউনিয়নের ০৫নং ওয়ার্ডে মাল বাড়ি সরকারী প্রাথমিক বিদ্যালয় হইতে জহরুল হক মানদের বাড়ি পর্যন্ত ইট সলিং রাস্তা নির্মান।	যোগাযোগ	টেন্ডার	৩,০০,০০০/-
০৫.	(ক) চরকুমারীয়া ০১নং ওয়ার্ডে মাহমুদুল হাসান আলহাজ, পিতা: মৃত জসিম উদ্দিন বেপারীর বাড়ীতে ০১টি গভীর নলকুপ স্থাপন (খ) চরকুমারীয়া ০৫নং ওয়ার্ডে নুর মোহাম্মদ, পিতা: আঃ ছামাদ হাওলাদারের বাড়ীতে ০১টি গভীর নলকুপ স্থাপন (গ) চরকুমারীয়া ইউনিয়নের ০৯নং ওয়ার্ডে মো: রিপন সরদার, পিতা: মৃত খালেক সরদার এর বাড়ীতে ০১টি গভীর নলকুপ স্থাপন (ঘ) আরশীনগর ইউনিয়নের ০১নং ওয়ার্ডে দানু মিয়া হাওলাদার, পিতা: নুর মোহাম্মদ হাওলাদারের বাড়ীতে ০১টি গভীর নলকুপ স্থাপন (ঙ) আরশীনগর ইউনিয়নের ০৯নং ওয়ার্ডে নাজমুল সরদার, পিতা: নাছির সরদার বাড়ীতে ০১টি গভীর নলকুপ স্থাপন (চ) ডিএমখালী ০৫নং ওয়ার্ডে মো: লিটন, পিতা: মৃত মো: আজগর ঢালী এর বাড়ীতে ০১টি গভীর নলকুপ স্থাপন (ছ) চরসেন্সাস ইউনিয়নের ০২নং ওয়ার্ডে মো: শুক্কুর আহমেদ পিতা:হযরত আলী এর বাড়ীতে ০১টি গভীর নলকুপ স্থাপন (জ) সখিপুর ইউনিয়নের ০১নং ওয়ার্ডে মো: জিয়াউল হক (মসজিদ) পিতা: এ কে এম ফজলুল হক উকিল এর বাড়ীতে ০১টি গভীর নলকুপ স্থাপন।	জনস্বাস্থ্য	টেন্ডার	৫,৬০,০০০/-
০৬.	(ক) দক্ষিন তারাবুনিয়া ইউনিয়নের ০৩নং ওয়ার্ডে মেজবাউদ্দিন বেপারী, পিতা: কালাচান বেপারীর বাড়ীতে ০১টি গভীর নলকুপ স্থাপন (খ) দক্ষিন তারাবুনিয়া ইউনিয়নের ০৯নং ওয়ার্ডে মানিক সরকার, পিতা: মৃত হযরত আলী সরকারের বাড়ীতে ০১টি গভীর নলকুপ স্থাপন (গ) কাচিকাটা ০৬নং ওয়ার্ডে মো: দুলাল মিজি, পিতা: মৃত মো: শুক্কুর আলী মিঝি বাড়ীতে ০১টি গভীর নলকুপ স্থাপন (ঘ) নারায়নপুর ইউনিয়নের ০৭নং ওয়ার্ডে আপেল মাহমুদ খান, পিতা: আহাম্মদ আলী খানের বাড়ীতে ০১ টি গভীর নলকুপ স্থাপন। (ঙ) ছয়গাঁও ইউনিয়নের ০৬নং ওয়ার্ডে মো: আরিফুল ইসলাম সরদার, পিতা: মো: মোস্তফা সরদারের বাড়ীতে ০১টি গভীর নলকুপ স্থাপন (চ) ছয়গাঁও ইউনিয়নের ০৯নং ওয়ার্ডে মো: মাসুদুর রহমান, পিতা: মোঃ শুক্কুর দেওয়ান এর বাড়ীতে ০১টি গভীর নলকুপ স্থাপন (ছ) রামভদ্রপুর ইউনিয়নের ৮নং ওয়ার্ডে	জনস্বাস্থ্য	টেন্ডার	৫,৬০,০০০/-

	কোড়ালতলী জহিরুল ইসলাম (বাবুল), পিতা: সাইদুর রহমান ভুইয়া এর বাড়ীতে ০১টি গভীর নলকুপ স্থাপন (জ) রামভদ্রপুর ইউনিয়নের ০৯নং ওয়ার্ডে কোড়ালতলী হাজী সেলিম মৃধা পিতা:তৈয়ব আলী মৃধার বাড়ীতে ০১টি গভীর নলকুপ স্থাপন।			
০৭.	নারায়নপুর ইউনিয়নের ০৫নং ওয়ার্ডে বোরহান মোল্যার বাড়ির পাশে বিলের পানির নিষ্কাশনের জন্য কালভার্ট নির্মান।	কৃষি ও সেচ	টেন্ডার	১,৫০,০০০/-
	চরকুমারীয়া ইউনিয়নের ০৬নং ওয়ার্ডে খোকা পাইকের বাড়ীর পশ্চিম পাশে বিলের পানি নিষ্কাশেনের জন্য কালভার্ট নির্মান।	কৃষি ও সেচ	টেন্ডার	১,৫০,০০০/-
	চরকুমারীয়া ০২নং ওয়ার্ডে জুয়েল বেপারীরর বাড়ীর পাশে বিলের পানি নিষ্কাশনের জন্য কালভার্ট নির্মান।	কৃষি ও সেচ	টেন্ডার	১,৫০,০০০/-
০৮.	চরসেন্সাস ইউনিয়নের ০৯নং ওয়ার্ডে মাদুল খাঁর বাড়ির পাশে বিলের পানি নিষ্কাশনের জন্য কালভার্ট নির্মান।	কৃষি ও সেচ	টেন্ডার	১,৫০,০০০/-
	উত্তর তারাবুনিয়া ইউনিয়নের ০৪নং ওয়ার্ডে মুকবিল মালতের বাড়ীর পাশের বিলের পানি নিষ্কাশনের জন্য কালভার্ট নির্মান।	কৃষি ও সেচ	টেন্ডার	১,৫০,০০০/-
	দক্ষিন তারাবুনিয়া ইউনিয়নের ০৮নং ওয়ার্ডে হারিছ মোল্যার বাড়ীর পাশে বিলের পানি নিষ্কাশনের জন্য কালভার্ট নির্মান।	কৃষি ও সেচ	টেন্ডার	১,৫০,০০০/-
০৯.	ভেদরগঞ্জ উপজেলার বিভিন্ন ইউনিয়নে ৩৬টি কমিউনিটি ক্লিনিকে প্রত্যেকটিতে ০১টি অফিসিয়াল চেয়ার, ০১টি মেহগনি কাঠের টেবিল ও প্লাস্টিকের চেয়ার সরবরাহ।	স্বাস্থ্য	টেন্ডার	৯,০০,০০০/-
১০.	ভেদরগঞ্জ উপজেলার ১। ছয়গাঁওআজিজুর রহমান উচ্চ বিদ্যালয় ২। মহিষার দিঘম্বরি স্কুল এন্ড কলেজ ৩। সাজনপুর বালিকা উচ্চ বিদ্যালয় ৪। রেবতি মহন উচ্চ বিদ্যালয় ৫। নারায়নপুর ইউনিয়ন উচ্চ বিদ্যালয় ৬। সাজনপুর ইসলামিয়া উচ্চ বিদ্যালয় ৭। কাচিকাটা বোরকিটি আদর্শ উচ্চ বিদ্যালয় ৮। চরভাগা বঙ্গবন্ধু আদর্শ উচ্চ বিদ্যালয় ৯। সখিপুর আঃ গনি উচ্চ বিদ্যালয় ১০। সখিপুর ইসলামিয়া উচ্চ বিদ্যালয় ১১। চরভয়রা উচ্চ বিদ্যালয় ১২। চরচান্দা উচ্চ বিদ্যালয় ১৩। চরকুমারীয়া উচ্চ বিদ্যালয় ১৪। চরফেলিজ উচ্চ বিদ্যালয় ১৫। তারাবুনিয়া উচ্চ বিদ্যালয় ১৬। আফা মোল্যার বাজার এস.এ.ডিপি উচ্চ বিদ্যালয় ১৭। আব্বাস আলী উচ্চ বিদ্যালয় ১৮। শহীদ বুদ্ধিজীবি ডাঃ হুমায়ন কবির উচ্চ বিদ্যালয় ১৯। বাহেরচর মোহাম্মোদীয়া ইসলামীয়া দাখিল মাদ্রাসা ২০। শনি কান্দি খাজে মোঃ দাঃ মাদ্রাসা ২১। রাড়ীকান্দি হাজীবাড়ী উচ্চ বিদ্যালয়ে উপজেলা পরিষদ ভেদরগঞ্জ এর নামফলকে মোট ২১টি স্টিলের আলমারি সরবরাহ।	শিক্ষা	টেন্ডার	৬,৩০,০০০/-

তানভীর-আল-নাসীফ
উপজেলা নির্বাহী অফিসার
ভেদরগঞ্জ,শরীয়তপুর।

মোঃ হুমায়ুন কবির
চেয়ারম্যান
ভেদরগঞ্জ উপজেলা পরিষদ, শরীয়তপুর।